

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪১১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - নাবালেগ বালেগের ইমামতি করতে পারে

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ سَلَمَةَ قَالَ: قَالَ أَبِي: جِنْتُكُمْ مِنْ عِنْدِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ حَقًا. قَالَ: «فَإِذَا حَضَرَتْ الصَّلَاةُ فَلْيُؤَدِّنْ أَحَدُكُمْ, وَلْيَؤُمَّكُمْ أَكْثَرُكُمْ قُرْآنًا»، قَالَ: فَنَظَرُوا فَلَمْ يَكُنْ أَحَدُ أَكْثَرَ قُرْآنًا مِنِّي, فَقَدَّمُونِي, وَأَنَا ابْنُ سِتٍّ أَوْ سَبْعِ سِنِينَ. رَوَاهُ الْبُخَارِيُّ, وَأَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ

صحيح. رواه البخاري (4302)، وأبو داود (585، والنسائي (2/ 80 _ 81) واللفظ للبخاري من حديث طويل

বাংলা

8১১. 'আমর বিন সালামাহ থেকে বর্ণিত। তিনি বলেছেন- আমার পিতা বলেছেন, সত্যই আমি তোমাদের নিকট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হতে এসেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-যখন সালাতের সময় হবে তখন তোমাদের কেউ একজন আযান দিবে। আর যে ব্যক্তি তোমাদের মধ্যে কুরআন সম্পর্কে অধিক অবগত সে তোমাদের ইমামতি করবে। তিনি (রাবী 'আমর) বলেন, লোকেরা তাকাল কিন্তু আমার থেকে অধিক কুরআন পাঠ্যকারী অনুসন্ধান করে পেল না। তখন তারা ইমামতি করার জন্য আমাকেই আগে বাড়িয়ে দিল। অথচ তখন আমার বয়স মাত্র ৬-৭ বছর।[1]

ফুটনোট

[1] বুখারী ৪৩০২, নাসায়ী ৬৩৬, আবূ দাউদ ৫৮৫, আহমাদ ১৫৪৭২, ২০১৬২



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন